

أكاديمية التربية

TARBIYAH ACADEMY

# তারবিয়াহ একাডেমি

**An Arabic-English medium madrasah with Madinah university and Cambridge curriculum**

**মদিনা বিশ্ববিদ্যালয় ও ক্যামব্রিজ কারিকুলাম এর সমন্বয়ে একটি হিফজ কেন্দ্রিক আরবি-ইংরেজি মিডিয়াম মাদরাসা**

# ভূমিকা

মহান আল্লাহ তা'য়ালা মানুষকে আশরাফুল মাখলুকাত হিসেবে সৃষ্টি করে অপরাপর সৃষ্টির মাঝে পরিচয় করিয়ে সবকিছুকে তার অধীনস্থ করে দিয়েছেন। ভাল মন্দ সবকিছু করার এখতিয়ার দিয়েছেন বটে, তবে পথ চলার নির্দেশনা সম্বলিত মহাগ্রন্থ আল কুরআনকে বিশেষ উপহার হিসেবে দিয়েছেন, যাতে করে সে মন্দ কাজ পরিহার করে মনিবের নির্দেশনা মেনে পার্থিব ও পরকালীন জীবনে সফলতা অর্জন করতে পারে। প্রতিটি মুসলিম যাকে দ্ব্যর্থহীনভাবে complete code of life বলে স্বীকার করে অথচ সে জানেই না সেই complete code of life এ কী রয়েছে। কোটি কোটি মুসলিম মহান রবের দরবারে সাহায্য প্রার্থনা করে থাকে প্রতিনিয়ত অথচ তাঁদের অধিকাংশই জানেই না - ঠিক কোন উপায়ে তাঁরা সফলকাম হবে। তাঁরা হয়ত জানেই না কুরআনে তাঁদের সমস্যার সকল সমাধান মহান রব ১৪০০ বছর পূর্বেই দিয়ে রেখেছেন। আজকের মুসলিমরা কেবল কুরআনকে সুন্দর সুন্দর মোড়কে কিংবা তাকে সাজিয়ে রাখতে পছন্দ করে। লক্ষ লক্ষ হাফেজে কুরআন কেবল মুখস্তই করেছে, কিন্তু হায় তাঁরা যদি এর অর্থ অনুধাবন করতে পারতো তাহলে আজকের মুসলিম বিশ্ব কতই না উচ্চমর্যাদায় থাকত।

উমার ইবনে খাত্তাব (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, মহান আল্লাহ এই গ্রন্থ (কুরআন মাজীদ) দ্বারা (তার উপর আমলকারী) জনগোষ্ঠীর উত্থান ঘটান এবং এরই দ্বারা (এর অবাধ্য) অন্য গোষ্ঠীর পতন সাধন করেন। (মুসলিম ১৯৩৪)

কুরআনে মহান রাব্বুল আলামিন বলেন, আমি তোমাদের প্রতি একটি কিতাব অবতীর্ণ করেছি; এতে তোমাদের জন্যে উপদেশ রয়েছে। তোমরা কি বোঝ না?

(সুরা আম্বিয়া, আয়াত-১০)

এমনিভাবে আমি খোলাখুলি বর্ণনা করে থাকি নিদর্শণসমূহ সে সমস্ত লোকদের জন্য যারা চিন্তাভাবনা করে।

(সুরা ইউনুস: আয়াত ২৪)

আমি কোরআনকে সহজ করে দিয়েছি বোঝার জন্যে। অতএব, কোন চিন্তাশীল আছে কি? (সুরা ক্বমার, আয়াত ১৭)

উপরোক্ত আয়াত ও হাদিস দ্বারা বুঝা যায় যে, কুরআনকে শুধু মুখস্ত বা না বুঝে পড়ার জন্য নাযিল করা হয়নি বরং এর অর্থবুঝে পড়ার এবং তার উপর আমল করার জন্য নাযিল করা হয়েছে।

অপরদিকে এমন অনেক লোক রয়েছে যারা কোরআন হাদিস ব্যতীত অন্যান্য সকল জ্ঞানকে দুনিয়াবি জ্ঞান ভেবে তুচ্ছ ও হেয় প্রতিপন্ন করে তা থেকে দূরে থাকে। এর জন্য সবচেয়ে বেশী যা দায়ী তা হচ্ছে আমাদের পাঠ্যক্রম যেখানে নৈতিক ও আধুনিক শিক্ষার সমন্বয়ে অভাব রয়েছে। এর জন্য চাই নতুন শিক্ষা কাঠামো। যেখানে ইসলামি শিক্ষার পাশাপাশি অন্যান্য বৈষয়িক জ্ঞান অর্থাৎ ইংরেজী, গণিত ও বিজ্ঞানসহ অন্যান্য বিষয়াদি ঢেলে সাজানো হয়েছে। যেন প্রতিটি শিক্ষার্থী শুধু ধর্মীয় বা দুনিয়াবি জ্ঞানেই নয় বরং উভয় জাগতিক জ্ঞানে সমানভাবে সিদ্ধহস্ত হয়। আমাদের সন্তানদেরকে কুরআন মুখস্থ করানোর পাশাপাশি কুরআনের অর্থ বুঝতে সক্ষম করে গড়ে তুলা এবং সমাজকে সঠিকভাবে পরিচালনার উপযোগী করে গড়ে তোলাই তারবিয়ার এই ক্ষুদ্র প্রয়াস।



# চেয়ারম্যানের বানী

রাসূল সাঃ বলেছেন, “কিয়ামতের দিন কুরআন তোমাদের জন্য সুপারিশকারী হবে নতুবা তোমাদের বিরুদ্ধে অভিযোগকারী হবে” অর্থাৎ মুসলিম হিসেবে কুরআন শুদ্ধভাবে তেলাওয়াত করা, তা বোঝা, উপলব্ধি করা ও তদানুযায়ী আমল করা আমাদের জন্য আল্লাহু সুবহানাহু ওয়া তা’আলা আবশ্যক করেছেন। আপনার সন্তানকে হাফেজে কুরআন বানানোর পাশাপাশি একজন সত্যিকারের ইসলামী স্কলার হিসেবে গড়ে তুলতে আমরা প্রতিষ্ঠা করেছি একটি আধুনিক, আবাসিক, মমতাঘেরা হিফজুল কুরআন মাদ্রাসা ।

আন্তর্জাতিক অভিজ্ঞতাসম্পন্ন হাফেয, ক্বারী ও বিশুদ্ধ জ্ঞানের অধিকারী ইসলামী স্কলারদের দ্বারা সরাসরি শিক্ষা প্রদানের মাধ্যমে পরিচালিত হবে এই প্রতিষ্ঠান, ইং-শা-আল্লাহ।

আমাদের শিক্ষার্থীগণ কুরআনে হাফেয হওয়ার পাশাপাশি কুরআনের অর্থ বুঝতে সক্ষম হবে; ইসলামী আকীদা - আখলাক ও বিশুদ্ধ ইবাদতের পদ্ধতি জানা-সহ দ্বীনী জ্ঞানে প্রাজ্ঞ হয়ে উঠবে, ইং-শা-আল্লাহ।

তাছাড়া এখানকার শিক্ষার্থীদের দেশীয় ও আন্তর্জাতিক কুরআন প্রতিযোগিতায় অংশগ্রহণের উপযোগী করে গড়ে তোলা হবে ।

**প্রফেসর মোখতার আহমাদ**

## মূল্যবোধঃ

একটি সামগ্রিক পদ্ধতি অবলম্বনে প্রাথমিক স্তর থেকে শিক্ষার্থিদের মাঝে অনবদ্য ইসলামী চরিত্র, মানবিক মূল্যবোধ, দেশপ্রেম ও যুগ-উপযোগী একাডেমীক দক্ষতা অর্জনের প্রয়াসে নিরলসভাবে কাজ করে যাচ্ছে তারবিয়াহ একাডেমি। এই লক্ষ্যে পৌছার উদ্দেশ্যে শুরু থেকে প্রতিটি ক্লাসেই কুরআন শিক্ষা, পার্থিব শিক্ষা ও ধর্মীয় শিক্ষার সমন্বয়ে প্রণীত পাঠ্যসূচীর আলোকে পাঠ দান করা হয়। শিক্ষার্থীকে আল্লাহ প্রদত্ত নিজ নিজ যোগ্যতার প্রতি আত্মবিশ্বাসী হয়ে স্বনির্ভর হতে অনুপ্রাণিত করে। অর্জিত মেধা ও দক্ষতাকে কাজে লাগিয়ে সমাজ ও রাষ্ট্রের প্রতি দায়িত্ববান হতে উদ্বুদ্ধ করে।

اقرأ

## ভিশন

ভিশন-২০৪০ কে সামনে রেখে তারবিয়াহ একাডেমি অগ্রসর হচ্ছে আপন গতিতে। তারবিয়াহ একাডেমি'র মাধ্যমে বাংলাদেশ থেকে কুরআনিক নিরক্ষরতা দূর করাই আমাদের লক্ষ্য।

## মিশন

গুণগত বৈশ্বয়িক জ্ঞান ও কোরআন সুন্নাহর আলোকে প্রস্তুতকৃত সিলেবাসে সঠিক পাঠ দানের মাধ্যমে দেশ ও জাতি গড়ার উদ্দেশ্যে আত্মমর্যাদায় বলিয়ান দক্ষ ভবিষ্যৎ প্রজন্ম তৈরি করা।



## আমাদের বৈশিষ্ট্যসমূহ-

- বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, স্বনামধন্য শিক্ষাবিদ ও গবেষকদের সমন্বয়ে গঠিত কারিকুলাম কমিটি কর্তৃক প্রণিত সিলেবাস।
- আন্তর্জাতিক মানসম্পন্ন হিফজুল কুরআন বিভাগ।
- অভিজ্ঞ ও বিদেশী ডিগ্রিধারী উস্তাজদগন কর্তৃক পাঠদান।
- মদিনা ও আল আযহার বিশ্ববিদ্যালয়ের কারিকুলামের আলোকে প্রণিত এরাবিক সিলেবাস।
- ক্যামব্রিজ কারিকুলাম এর আলোকে প্রণিত ইংলিশ ও সায়েন্স সিলেবাস।
- গনিত, সমাজ বিজ্ঞান ও বাংলাদেশ স্টাডিজ ইত্যাদি সাবজেক্টসমূহে ন্যাশনাল কারিকুলাম এর ইংলিশ ভার্সন অনুসরন।
- বাংলা ভাষা শিক্ষায় সবিশেষ গুরুত্ত্বারোপ।
- আবাসিক, অনাবাসিক, ডে-কেয়ার ও পার্ট টাইম হিফজ এর সুব্যবস্থা।
- ডায়েট চার্ট ও পুষ্টিগুণ বিবেচনায় রেখে তিনটি প্রধান মিলসহ মোট ৫টি মিল।
- শীতাতপ নিয়ন্ত্রিত শ্রেণীকক্ষ ও আবাসনের সুব্যবস্থা।
- সিসি ক্যামেরার মাধ্যমে প্রতিটি ক্লাস পর্যবেক্ষণের ব্যবস্থা।
- বিদ্যুতের বিকল্প হিসেবে আইপিএস এর ব্যবস্থা।
- শিক্ষার্থীদের ব্যক্তিত্বসম্পন্ন ও যোগ্য দা'ঈ ইলাল্লাহ হিসেবে তৈরি করতে পর্যাপ্ত কো-কারিকুলার কার্যক্রম (সহ পাঠ্যক্রম)



## আমাদের বিভাগসমূহ-

জেনারেল বিভাগ ও হিফজ (১০ পারা)

আবাসিক ও জেনারেল বিভাগ (ফুল-টাইম হিফজ)

ডে-কেয়ার ও জেনারেল বিভাগ (ফুল-টাইম হিফজ)

মুসাবাকাহ বিভাগ (জাতীয় ও আন্তর্জাতিক হিফজ প্রতিযোগিতায় অংশগ্রহণ)

## ভর্তির নিয়মাবলি ও প্রয়োজনীয় ডকুমেন্টস-

- ভর্তির জন্য একাডেমি অফিসের সংশ্লিষ্ট শাখা থেকে ফরম সংগ্রহ করতে হবে।
- শিক্ষার্থীদের সদ্যতোলা পাসপোর্ট সাইজ ছবি (৪ কপি)
- শিক্ষার্থীদের জন্ম নিবন্ধন এর ফটোকপি
- পিতা-মাতা উভয়ের সদ্যতোলা পাসপোর্ট সাইজ ছবি (২ কপি)
- পিতা-মাতা উভয়ের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি
- অভিভাবকের (পিতা-মাতা ব্যতিত) সদ্যতোলা পাসপোর্ট সাইজ ছবি (২ কপি)
- অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি
- লিখিত ও মৌখিক ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ।

## ভর্তি ফি ও আনুষাঙ্গিক বিষয়াদি-

- ভর্তি ফি ৩৫,০০০ টাকা
- ভর্তির সময় ভর্তি ফি, (আবাসিক হলে) এক মাসের খাবারের টাকা, বেতন ও অন্যান্য চার্জসহ আনুষঙ্গিক খরচ অগ্রীম প্রদান করতে হবে।

### জেনারেল বিভাগ ও আংশিক হিফজ (১০ পারা)

| ক্লাস | বয়স | কুরআনিক সিলেবাস | টিউশন ফি | | মোট খরচ |
|---|---|---|---|---|---|
| | | | জেনারেল | হিফজ/ কায়েদা | |
| প্লে | ৪ | কায়েদা পার্ট-১ | ৩,৫০০/- | ১,৫০০/- | ৫,০০০/- |
| নার্সারি | ৫ | কায়েদা পার্ট-২ ও নাজেরা পার্ট-১ | ৩,৫০০/- | ১,৫০০/- | ৫,০০০/- |
| ১ম | ৬ | নাজেরা পার্ট-২ ও যুজ আম্মা হিফয | ৫,০০০/- | ২,০০০/- | ৭,০০০/- |
| ২য় | ৭ | ২৯,২৮ ও ২৭তম যুজ হিফয | ৫,০০০/- | ২,০০০/- | ৭,০০০/- |
| ৩য় | ৮ | ২৬ তম যুজ ও সূরা বাকারা সম্পূর্ণ | ৫,৫০০/- | ২,৫০০/- | ৮,০০০/- |
| ৪র্থ | ৯-১২ | সূরা ইয়াসিন, কাহাফ ও সূরা তাওবা, তাসমি | ৫,৫০০/- | ২,৫০০/- | ৮,০০০/- |

### আবাসিক ফুল-টাইম (হিফজ ও জেনারেল বিভাগ)

| ক্লাস | বয়স | কুরআনিক সিলেবাস | টিউশন ফি | | খাবার ও আবাসন | মোট খরচ |
|---|---|---|---|---|---|---|
| | | | জেনারেল | হিফজ | | |
| ১ম | | কায়েদা নুরানিয়া ও নাজেরা | ৪,০০০/- | ৩,৫০০/- | ৮,৫০০/- | ১৬,০০০/- |
| ২য় | | ৩০-২৪ পারা হিফয | ৪,০০০/- | ৩,৫০০/- | ৮,৫০০/- | ১৬,০০০/- |
| ৩য় | | ২৩-২১ ও ১-০৮ পারা হিফয | ৫,০০০/- | ৩,৫০০/- | ৮,৫০০/- | ১৭,০০০/- |
| ৪র্থ | | ০৯-২০ পারা হিফয ও তাসমি | ৫,০০০/- | ৩,৫০০/- | ৮,৫০০/- | ১৭,০০০/- |
| ৩য় | ৮ | ২৬ তম যুজ ও সূরা বাকারা সম্পূর্ণ | ৫,৫০০/- | ২,৫০০/- | ৮,০০০/- | |
| ৪র্থ | ৯-১২ | সূরা ইয়াসিন, কাহাফ ও সূরা তাওবা, তাসমি | ৫,৫০০/- | ২,৫০০/- | ৮,০০০/- | |

### ডে-কেয়ার ফুল-টাইম (হিফজ ও জেনারেল বিভাগ)


| ক্লাস | বয়স | কুরআনিক সিলেবাস | টিউশন ফি | | খাবার | মোট খরচ |
|---|---|---|---|---|---|---|
| | | | জেনারেল | ডে-কেয়ার | | |
| ১ম | ৬ | কায়েদা নুরানিয়া ও নাজেরা | ৪,০০০/- | ৩,৫০০/- | ৫,৫০০/- | ১৩,০০০/- |
| ২য় | ৭ | ৩০-২৪ পারা হিফয | ৪,০০০/- | ৩,৫০০/- | ৫,৫০০/- | ১৩,০০০/- |
| ৩য় | ৮ | ২৩-২১ ও ১-০৮ পারা হিফয | ৫,০০০/- | ৩,৫০০/- | ৫,৫০০/- | ১৪,০০০/- |
| ৪র্থ | ৯-১২ | ০৯-২০ পারা হিফয ও তাসমি | ৫,০০০/- | ৩,৫০০/- | ৫,৫০০/- | ১৪,০০০/- |
| ৩য় | ৮ | ২৬ তম যুজ ও সূরা বাকারা সম্পূর্ণ | ৫,৫০০/- | ২,৫০০/- | ৮,০০০/- | |
| ৪র্থ | ৯-১২ | সূরা ইয়াসিন, কাহাফ ও সূরা তাওবা, তাসমি | ৫,৫০০/- | ২,৫০০/- | ৮,০০০/- | |

## ভর্তির সময়কাল ও সেমিস্টার পদ্ধতি-

**তারবিয়াহ একাডেমির শিক্ষা কার্যক্রম বছরে দুইটি সেমিস্টারে বিভক্ত-**

**১ম সেমিস্টার**
জানুয়ারী থেকে জুন

**২য় সেমিস্টার**
জুলাই থেকে ডিসেম্বর




**জেনারেল বিভাগ (প্লে-নার্সারী)**
সকাল ৮:০০টা থেকে দুপুর ১১:৪৫টা পর্যন্ত

**জেনারেল বিভাগ ও ১০ পারা হিফজ**
সকাল ৬:৩০টা থেকে দুপুর ১:১৫টা পর্যন্ত

**ডে-কেয়ার, ফুল-টাইম হিফজ ও জেনারেল বিভাগ**
সকাল ৬:৩০টা থেকে রাত ৮টা পর্যন্ত

**আবাসিক**
ফুল-টাইম হিফজ ও জেনারেল বিভাগ

# খাদ্য তালিকা-

| বার | ফজর পরবর্তী নাস্তা | সকালের খাবার | দুপুরের খাবার | বিকালের নাস্তা | রাতের খাবার |
|---|---|---|---|---|---|
| **শনিবার** | খেজুর + কেক | রুটি + ডাল ভুনা | ভাত + ডাল + মিশ্র সবজি + মাছ | মৌসুমি ফল + এক গ্লাস গরুর দুধ | ভাত + মুড়ি ঘন্ট + ডাল |
| **রবিবার** | কলা+ পাউরুটি | তেহারি (গরু) | ভাত + ডাল + মুরগি | নুডলস+এক গ্লাস গরুর দুধ | ভাত + মাছ + ডাল |
| **সোমবার** | খেজুর + বিস্কিট | পরটা + ডিম/ সবজি | ভাত + ডাল + গরুর গোস্ত | মৌসুমি ফল +এক গ্লাস গরুর দুধ | ভাত + ডিম ভাজি + ভর্তা + ডাল |
| **মঙ্গলবার** | খেজুর + কেক | ভাত + ভর্তা + ডাল | ভাত + ডাল + ডিম | সেমাই+এক গ্লাস গরুর দুধ | ভাত + শাক- সবজি + ডাল |
| **বুধবার** | কলা+ পাউরুটি | ভুনা খিচুড়ি (মুরগি) | ভাত + ডাল +মিশ্র সবজি + মাছ | মৌসুমি ফল + এক গ্লাস গরুর দুধ | ভাত + মুরগি + ডাল |
| **বৃহস্পতিবার** | খেজুর + বিস্কিট | পরটা + ডিম/ সবজি | ভাত + ডাল + মুরগি | ফিরনি+এক গ্লাস গরুর দুধ | ভাত + ডিম ভাজি + ভর্তা + ডাল |
| **শুক্রবার** | খেজুর + কলা | ভাত + সবজি + ভর্তা | গরু বিরিয়ানি | নুডলস+এক গ্লাস গরুর দুধ | ভাত + শাক- সবজি + ডাল |



# সম্মানিত শিক্ষকবৃন্দ

**জনাব মুহাম্মদ নুরুন্নবী**
ভাইস প্রিন্সিপাল, পিএইচডি গবেষক
জাতীয় বিশ্ববিদ্যালয়

**ড. জাহিরুল হক**
বি.এ (অনার্স) আল আজহার বিশ্ববিদ্যালয়, মিশর; এম.এ, পিএইচডি, আন্তর্জাতিক ইসলামি বিশ্ববিদ্যালয় মালয়েশিয়া।

**জনাব তারিক মাহমুদ**
বি.এ (অনার্সঃ ইসলামি শারিয়াহ), আল আজহার বিশ্ববিদ্যালয়, মিশর।

**জনাব মাওঃ মিজানুর রহমান**
বি.এ (অনার্স), এম.এ (ইসলামিক স্টাডিজ), ঢাকা বিশ্ববিদ্যালয়। কামিল (এম.এ) ইসলামি বিশ্ববিদ্যালয়।

**জনাব মুহাম্মদ ফখরুল ইসলাম**
বি.এস.এস(অনার্স), এম.এস.এ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

**জনাব হাফেজ ক্বারী মুহাম্মদ মাজহারুল ইসলাম**
বি.এ (অনার্স, কুরআনিক সায়েন্স এন্ড ইসলামিক স্টাডিজ) আন্তর্জাতিক ইসলামি বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম।

**জনাব মুহাম্মদ রাকিবুল ইসলাম**
বি.এস.সি (অনার্স, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিন) বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর।

**জনাব মোহাম্মদ সাআদ**
হাফেজ, তাকমীল(এম.এ), জামিয়া ইসলামিয়া দারুল উলুম মাদানিয়া, ঢাকা।

**জনাব হাফেজ ক্বারী মোহাম্মদ আবু নোমান**
হাফেজ, বি. এ, (অনার্স, আল কোরআন এন্ড ইসলামিক স্টাডিজ) দারুন্নাজাত সিদ্দিকিয়া কামিল মাদরাসা, ঢাকা।

## আমাদের অন্যান্য কার্যক্রমসমূহ-


- তারবিয়াহ অনলাইন হিফযুল কুরআন প্রোগ্রাম
- তারবিয়াহ আলিমিয়্যাহ প্রোগ্রাম
- তারবিয়াহ লাইফ স্টাইল ফর কিডস প্রোগ্রাম
- তারবিয়াহ কুরআন ফর এল্ডার্স প্রোগ্রাম
- আন্ডারস্ট্যান্ডিং সূরা বাকারা প্রোগ্রাম
- কুরআনিক এরাবিক গ্রামার প্রোগ্রাম
- ডিপ্লোমা ইন ইসলামিক স্টাডিজ
- ডিপ্লোমা ইন এরাবিক ল্যাংগুয়েজ
- তারবিয়াহ ফ্ল্যাশ কোর্সেস
- তারবিয়াহ দাওয়াহ প্রোগ্রাম (মিডিয়া)
- তারবিয়াহ ভার্চুয়াল লার্নিং ম্যানেজমেন্ট



## তারবিয়াহ এর অন্যান্য প্রতিষ্ঠানসমূহ-

- তারবিয়াহ ফাউন্ডেশন
- তারবিয়াহ ইনস্টিটিউট
- তারবিয়াহ অনলাইন মাদরাসা
- তারবিয়াহ অনলাইন একাডেমি
- তারবিয়াহ রিসার্চ এন্ড পাবলিকেশন্স
- তারবিয়াহ মিডিয়া এন্ড ইভেন্টস
- তারবিয়াহ চ্যারিটি এন্ড চাইল্ড ডেভেলপমেন্ট

# লোকেশনঃ




أكاديمية التربية
TARBIYAH ACADEMY


## তারবিয়াহ একাডেমি

৪১/১ সাফা গার্ডেন, সাতমসজিদ হাউজিং (চাঁদ উদ্যানের বিপরীতে), মুহাম্মদপুর, ঢাকা-১২০৭।

www.tarbiyahacademy.com I www.tarbiyahinst.com

Email: tarbiyahacademy22@gmail.com

মোবাইল নং +৮৮০১৮৪১৫১৭৫৭৫ (হোয়াটস অ্যাপ, কল) +৮৮০১৮৪১৫১১৫১৫